গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
বাজেট অধিশাখা
www.mofl.gov.bd

তারিখ: ২৫ পৌষ ১৪২৫ / ৮ জানুয়ারি ২০১৯

নং- ৩৩.০০.০০০০.১০৭.২০.০০২.১৮-০৮

বিষয়ঃ ০৬/০১/২০১৯ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG)-এর সভার কার্যবিবরণী প্রেরণ।

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের যুগ্মসচিব (বাজেট) মহোদয়ের সভাপতিত্বে ০৬/০১/২০১৯ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপ (BWG)-এর সভার কার্যবিবরণী পরবর্তী কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে সভার কার্যবিবরণী।

০৮/০১/১৯

(মো: মাহবুবুল হক)
উপসচিব (বাজেট)
ফোন নং-৯৫৪৫৭৭১
E-mail: ds_budget@mofl.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। উপ-পরিচালক (যুগ্মসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
২। উপসচিব, প্রশাসন-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপসচিব, বাজেট-২০ অধিশাখা, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। উপ-প্রধান, পরিকল্পনা উইং, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। পরিচালক (প্রশাসন ও অর্থ), বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৬। অতিরিক্ত পরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট, সাভার, ঢাকা।
৭। উপ-পরিচালক (অর্থ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, রমনা, ঢাকা।
৮। উপ-পরিচালক (বাজেট)/ চীফ, পরিকল্পনা ও মূল্যায়ন কোষ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
১০। সিনিয়র সহকারী প্রধান/সহকারী প্রধান, বন, মৎস্য ও প্রাণিপালন উইং, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১১। সিস্টেম এনালিস্ট, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা (কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে দেয়ার অনুরোধসহ)।
১২। বাংলাদেশ মেরিন ফিশারিজ একাডেমী-এর প্রতিনিধি (বাজেট/ হিসাব ও পরিকল্পনা শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা)।
১৩। বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন-এর প্রতিনিধি (বাজেট/ হিসাব ও পরিকল্পনা শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা)।
১৪। বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল-এর প্রতিনিধি (বাজেট/ হিসাব ও পরিকল্পনা শাখার দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তা)।
১৫। হিসাবরক্ষণ কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়/প্রাণিসম্পদ অধিদপ্তর/মৎস্য অধিদপ্তর।

অনুলিপি (জ্ঞাতার্থে):

১। চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন, ২৩-২৪, কাওরান বাজার, তেজগাঁও, ঢাকা।
২। যুগ্মসচিব (বাজেট-৬), অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। উপ-পরিচালক (যুগ্মসচিব), মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৪। যুগ্ম-প্রধান, পরিকল্পনা উইং, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা।
৬। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা।
৭। মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ।
৮। মহাপরিচালক, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনিস্টিটিউট, সাভার, ঢাকা।
৯। উপসচিব (প্রশাসন-২ অধিশাখা), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমী, মৎস্য বন্দর, চট্টগ্রাম।
১১। উপ-প্রধান, বন, মৎস্য ও প্রাণিপালন উইং, কৃষি, পানি সম্পদ ও পল্লী প্রতিষ্ঠান বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরে বাংলা নগর, ঢাকা।
১২। সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩। রেজিষ্ট্রার, বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা।
১৪। অফিস কপি।

*E:\Budget Section\Minutes (Nikosh)\Forwarding.doc*

# মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের ০৬/০১/২০১৯ তারিখে অনুষ্ঠিত বাজেট ওয়ার্কিং গ্রুপের (BWG) সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. শেখ হারুনুর রশিদ আহমদ<br>যুগ্মসচিব (বাজেট)<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| সভার স্থান | : | যুগ্মসচিব (বাজেট)-এর অফিস কক্ষে (কক্ষ নং-৫০৪) |
| তারিখ | : | ০৬/০১/২০১৯ খ্রিঃ |
| সময় | : | বিকাল ৩:০০ ঘটিকা |
| উপস্থিতির তালিকা | : | পরিশিষ্ট-ক |

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতি সভা আহবানের প্রেক্ষাপট তুলে ধরেন এবং এ মন্ত্রণালয়ের উপসচিব (বাজেট)-কে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা উপস্থাপনের জন্য আহবান জানান। উপসচিব (বাজেট) অর্থ বিভাগের পরিপত্র-১ এর নির্দেশনা মোতাবেক মধ্যমেয়াদি বাজেট কাঠামো প্রথম ভাগ (অংশ-১ হতে অংশ-৫) এবং দ্বিতীয় ভাগ (অংশ-৬.১ হতে অংশ-৬.৩) বিস্তারিতভাবে সভায় উপস্থাপন করেন। তিনি বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর কৌশলগত উদ্দেশ্য সমূহের সাথে মিল রেখে বাজেটের বর্ণনামূলক অংশ প্রণয়ন ও বাস্তবায়নের জন্য স্ব-স্ব অধিদপ্তর/দপ্তর/সংস্থার প্রতিনিধিদের অনুরোধ জানান। এ প্রসঙ্গে সভাপতি বর্ণিত টেমপ্লেট নিকষ ফন্টে প্রণয়ন করার জন্য নির্দেশনা প্রদান করেন। অত:পর সভাপতির অনুমতিক্রমে উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগ হতে ২০১৯-২০ অর্থবছরের প্রাক্কলন এবং ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের প্রক্ষেপণ নিম্নরূপে নির্ধারিত রয়েছেঃ

### রাজস্ব প্রাপ্তির প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | বিবরণ | বাজেট ২০১৮-১৯ | প্রস্তাবিত বাজেট ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১৪৪ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ৬৮.৪৩ | ৭৬.৩৯ | ৮৫.৫৬ | ৯৫.৮৩ |

### মন্ত্রণালয়/বিভাগসমূহের প্রস্তাবিত ব্যয়সীমা

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | মন্ত্রণালয়/বিভাগ | বাজেট ২০১৮-১৯ | প্রস্তাবিত বাজেট ২০১৯-২০ | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|
| | | | | ২০২০-২১ | ২০২১-২২ |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১৪৪ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ১৮৬৮.৬৭ | ২০৫৫.৩৫ | ২২৬০.৯০ | ২৪৮৭.০১ |

### মন্ত্রণালয়/বিভাগসমূহের সম্ভাব্য বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ

(অংকসমূহ কোটি টাকায়)

| মন্ত্রণালয় কোড | মন্ত্রণালয়/বিভাগ | প্রকল্প সাহায্য ২০১৯-২০ |
|---|---|---|
| ১৪৪ | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | ১০০০.০০ |

২। উপসচিব (বাজেট) সভাকে অবহিত করেন যে, অর্থ বিভাগ থেকে জারিকৃত পরিপত্র-১ এ রাজস্ব প্রাপ্তি প্রায় ১১.৬৩% এবং প্রস্তাবিত ব্যয়সীমা ৯.৯৯% বৃদ্ধি ধরে মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের বাজেট প্রাক্কলন এবং ২০২০-২১ ও ২০২১-২২ অর্থবছরের রাজস্ব প্রাপ্তি প্রায় ১২.০০% এবং প্রস্তাবিত ব্যয়সীমা ১০.০০% বৃদ্ধি ধরে মন্ত্রণালয়ের প্রক্ষেপণ নির্ধারণ করা হয়েছে। পরিপত্র-১ এ কোন স্বায়ত্তশাসিত সংস্থা কর্তৃক সরকারের প্রাপ্য লভ্যাংশ জমা দানের জন্য নির্ধারিত থাকলে সংশ্লিষ্ট সংস্থা থেকে প্রাপ্তির লক্ষ্যমাত্রা ধার্য করতে হবে মর্মে নির্দেশনা রয়েছে। সে অনুযায়ী বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন-এর অনুকূলে সরকারের প্রাপ্য লভ্যাংশের লক্ষ্যমাত্রা ধার্য করা হয়েছে। অন্যান্য স্বায়ত্তশাসিত সংস্থার বিষয়ে কোন নির্দেশনা না থাকায় বিএফআরআই, বিএলআরআই ও বাংলাদেশ ভেটেরিনারী কাউন্সিল-এর অনুকূলে কোন রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রা ধার্য করা হয়নি।

৩। অর্থ বিভাগ হতে রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার প্রাক্কলন ও প্রক্ষেপণ নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার বিষয়ে সভায় উপস্থিতগণের মতামত/প্রস্তাবনা বিস্তারিত আলোচনান্তে মন্ত্রণালয়সহ অধিদপ্তর/দপ্তর/সংস্থার অনুকূলে নিম্নরূপভাবে বন্টন/বিভাজন অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়ঃ

**প্রাপ্ত আয়সীমা মন্ত্রণালয়সহ বিভিন্ন দপ্তর/অধিদপ্তর/সংস্থার অনুকূলে বিভাজন**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা | বাজেট | প্রাক্কলন | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|
| | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ |
| ১ | ৩ | ৪ | ৫ | ৬ |
| সচিবালয় | ৩৫.১০ | ৩৫.১০ | ৩৫.১০ | ৩৫.১০ |
| মেরিন ফিশারিজ একাডেমী | ৪৬.০০ | ৫০.০০ | ৫২.০০ | ৫৫.০০ |
| **মোট সাধারণ কার্যক্রম (সচিবালয়)** | **৮১.১০** | **৮৫.১০** | **৮৭.১০** | **৯০.১০** |
| | | | | |
| **স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান** | | | | |
| বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন | ১০.০০ | ১০.০০ | ১০.০০ | ১০.০০ |
| বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান (সহায়তা কার্যক্রম)** | **১০.০০** | **১০.০০** | **১০.০০** | **১০.০০** |
| মৎস্য অধিদপ্তর | ২১১৯.৭০ | ২৫৫৩.৭০ | ৩০৬৮.৭০ | ৩৫৯২.৬৫ |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | ০.০৮ | ০.২০ | ০.২০ | ০.২৫ |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | ৪৫৬৫.০০ | ৫০০০.০০ | ৫৪০০.০০ | ৫৯০০.০০ |
| **সর্বমোট** | **৬৭৬৫.৮৮** | **৭৬৩৯.০০** | **৮৫৫৬.০০** | **৯৫৮৩.০০** |

৪। বাজেট পরিপত্র-১ এ প্রস্তাবিত ব্যয়সীমা অনুযায়ী ২০১৯-২০ অর্থবছরের বাজেট প্রাক্কলণ ও প্রক্ষেপণ এবং সম্ভাব্য প্রকল্প সাহায্যের প্রক্ষেপণ সংক্রান্ত বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। এ সংক্রান্ত আলোচনায় উপসচিব (বাজেট) সভাকে অবহিত করে জানান যে, এ মন্ত্রণালয়ের অনুকূলে ২০১৮-১৯ অর্থবছরে বরাদ্দের পরিমাণ ছিল পরিচালন খাতে ৯৮৪৯৯.৮০ লক্ষ টাকা এবং উন্নয়ন খাতে ৮৮৩৬৭.০০ লক্ষ টাকা (জিওবি-৬৮১১২.০০ + পিএ-২০২৫৫.০০) সর্বমোট ১৮৬৮৬৬.৮০ লক্ষ টাকা, যার মধ্যে পরিচালন ও উন্নয়ন খাতে জিওবি অংশ ছিল (৯৮৪৯৯.৮০ + ৬৮১১২.০০) = ১৬৬৬১১.৮০ লক্ষ টাকা। কিন্তু ২০১৯-২০ অর্থবছরে প্রস্তাবিত বাজেটের ব্যয়সীমা রাখা হয়েছে সর্বমোট ২০৫৫৩৫.০০ লক্ষ টাকা, যার মধ্যে সম্ভাব্য প্রকল্প সাহায্য (পিএ) বা বৈদেশিক সহায়তার প্রক্ষেপণ দেয়া হয়েছে ১০০০০০.০০ লক্ষ টাকা। উন্নয়ন খাতে প্রকল্প সাহায্যের চাহিদা ৮৭৭৯৯.৪২ লক্ষ টাকা হলেও প্রকল্প সাহায্যের সিলিং দেয়া হয়েছে ১০০০০০.০০ লক্ষ টাকা, যা চাহিদার চেয়ে (১০০০০০.০০- ৮৭৭৯৯.৪২) = ১২২০০.৫৮ লক্ষ টাকা বেশী। ২০১৯-২০ অর্থবছরের বাজেটের ব্যয়সীমা হতে প্রকল্প সাহায্য (পিএ) বাদ দিলে পরিচালন ও উন্নয়ন খাতে জিওবি অংশে অবশিষ্ট থাকে (২০৫৫৩৫.০০ - ১০০০০০.০০) = ১০৫৫৩৫.০০ লক্ষ টাকা, যা গত অর্থবছরের চেয়ে (১৬৬৬১১.৮০ - ১০৫৫৩৫.০০ ) = ৬১০৭৬.৮০ লক্ষ টাকা কম। এ মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/সংস্থার

প্রস্তাব অনুযায়ী ২০১৯-২০ সালের চাহিদার পরিমাণ জিওবি (পরিচালন) অংশে ১১৭৭৪৭.৩৮ লক্ষ টাকা, জিওবি (উন্নয়ন) অংশে ৭৩৯৩৯.৩২ লক্ষ টাকা এবং পিএ (উন্নয়ন) অংশে ৮৭৭৯৯.৪২ লক্ষ টাকা সর্বমোট ২৭৯৪৮৬.১২ লক্ষ টাকা। কিন্তু ধার্যকৃত সিলিং অনুযায়ী প্রকল্প সাহায্যের নির্দিষ্ট অংশ বাদ দিলে জিওবি (পরিচালন ও উন্নয়ন) অংশের জন্য অবশিষ্ট থাকে ১০৫৫৩৫.০০ লক্ষ টাকা। কিন্তু ২০১৯-২০ সালে জিওবি (পরিচালন ও উন্নয়ন) অংশের চাহিদা (১১৭৭৪৭.৩৮+৭৩৯৩৯.৩২)= ১৯১৬৮৬.৭০ লক্ষ টাকা হওয়ায় ঘাটতির পরিমাণ (১৯১৬৮৬.৭০- ১০৫৫৩৫.০০) = ৮৬১৫১.৭০ লক্ষ টাকা। এ অবস্থায় চাহিদার আলোকে জিওবি অংশে প্রয়োজনীয় অর্থ প্রাপ্তি ব্যতিরেকে যৌক্তিক বা বাস্তবসম্মত বাজেট বিভাজন প্রণয়ন করা বিঘ্নিত হবে। এ সংক্রান্ত আলোচনায় সভায় উপস্থিত সদস্যগণ ১০৫৫৩৫.০০ লক্ষ টাকা পরিচালন খাতে রাখা এবং বরাদ্দ ঘাটতির কারণে জিওবি (উন্নয়ন) এ কোন বরাদ্দ না রাখার পক্ষে সভায় উপস্থিত অধিকাংশ সদস্য অভিমত ব্যক্ত করলে অর্থ বিভাগের প্রতিনিধি জনাব মিলিয়া শারমিন বলেন যে, জিওবি (উন্নয়ন) অংশে কোন বরাদ্দ না রাখার বিষয়টি যৌক্তিক হবে না। জিওবি-এর অর্থ ঘাটতির বিষয়টি সচিব মহোদয়ের আধাসরকারি পত্র এবং ত্রিপক্ষীয় সভার মাধ্যমে নিস্পত্তি করা যাবে বিধায় চলমান কার্যক্রম অব্যাহত রাখার স্বার্থে জিওবি (উন্নয়ন)-অংশে নূন্যতম বরাদ্দ রাখার জন্য সভায় অভিমত ব্যক্ত করেন। এ প্রেক্ষিতে সভার সভাপতি সভার উদ্দেশ্যে বলেন যে, অর্থ বিভাগ থেকে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অনুকূলে পরিচালন, উন্নয়ন এবং বৈদেশিক সহায়তা প্রকল্পের জন্য যে প্রাক্কলন ও প্রক্ষেপন দেয়া হয়েছে আপাততঃ তার বাহিরে ব্যয় বৃদ্ধির কোন সুযোগ নাই। তবে যেহেতু এ মন্ত্রণালয়ের অনুকূলে ধার্যকৃত সিলিং সঠিক হয়নি সেহেতু যথাযথ পদ্ধতিতে প্রয়োজনীয় অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণ করা হবে। বিস্তারিত আলোচনায় সভায় উপস্থিত সদস্যগণ নিয়মিত কার্যক্রম পরিচালনার স্বার্থে ধার্যকৃত সিলিং অনুযায়ী পরিচালন অংশে ৭৫৫৩৫.০০ লক্ষ টাকা, জিওবি (উন্নয়ন) অংশে ৩০০০০.০০ লক্ষ টাকা এবং পিএ (উন্নয়ন) অংশে ১০০০০০.০০ লক্ষ টাকাসহ মোট ২০৫৫৩৫.০০ লক্ষ টাকার বিভাজন প্রণয়ন এবং প্রকল্প সাহায্যের ১২২০০.৫৮ লক্ষ টাকা হ্রাস এবং জিওবি (পরিচালন ও উন্নয়ন) অংশে ৮৬১৫১.৭০ লক্ষ টাকা অতিরিক্ত বরাদ্দের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের বিষয়ে একমত পোষণ করেন। অত:পর বিস্তারিত আলোচনান্তে মন্ত্রণালয়সহ অধিদপ্তর/দপ্তর/সংস্থার অনুকূলে নিম্নরূপভাবে ব্যয়সীমা বিভাজন অনুমোদনের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়ঃ

**প্রাপ্ত ব্যয়সীমা (বৈদেশিক সহায়তাসহ) মন্ত্রণালয়সহ বিভিন্ন অধিদপ্তর/দপ্তর/সংস্থার অনুকূলে বিভাজন**

(অংকসমূহ লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | বাজেট | মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থা সমূহের চাহিদা | প্রাক্কলন | মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/ সংস্থা সমূহের অতিরিক্ত চাহিদা/উর্দ্ধৃত | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ |
| সচিবালয় | | | | | | |
| **মোট পরিচালন** | ২২৬৬.৩৫ | ২৫৭৯.৯৫ | ২৪৭৯.৯৫ | ১০০.০০ | ২৬৩০.০০ | ২৮০৬.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন(জিওবি+পিএ)** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** | **০.০০** |
| জিওবি (উন্নয়ন থোক) | ৯১১৫.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন থোক) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট থোক (জিওবি+পিএ)** | **৯১১৫.০০** | **০.০০** | **০.০০** | ০.০০ | **০.০০** | **০.০০** |
| **সর্বমোট উন্নয়ন(জিওবি+পিএ+থোক)** | **৯১১৫.০০** | ০.০০ | **০.০০** | ০.০০ | **০.০০** | **০.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **১১৩৮১.৩৫** | **২৫৭৯.৯৫** | **২৪৭৯.৯৫** | **১০০.০০** | **২৬৩০.০০** | **২৮০৬.০০** |
| আন্তর্জাতিক সংস্থার চাঁদা | | | | ০.০০ | | |
| **উপমোট (সহায়তা কার্যক্রম)** | ৭৩.০০ | ১৩৩.০০ | ৭৩.০০ | ৬০.০০ | ১৩৪.০০ | ১৩৬.০০ |

(অংকসমূহ লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | বাজেট | মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থা সমূহের চাহিদা | প্রাক্কলন | মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থা সমূহের অতিরিক্ত চাহিদা/উর্দ্বৃত | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ |
| মৎস্য অধিদপ্তর | | | | | | |
| **মোট পরিচালন** | ২৭০৬৩.০০ | ৩৬২৮৪.৩৮ | ১৯১২৮.৬৭ | ১৭১৫৫.৭১ | ৩২০৪০.০০ | ৩৫২৪৫.০০ |
| জিওবি (উন্নয়ন) | ২৪২৪২.০০ | ২৯১৩২.০০ | ৯০০০.০০ | ২০১৩২.০০ | ১৫৫৬৪.০০ | ৯৫০০.০০ |
| পিএ (উন্নয়ন) | ৯৮৮৬.০০ | ২৬৬০৬.০০ | ৩৮৬৪০.০০ | -১২০৩৪.০০ | ৩০৫০.০০ | ৩৪২২৮.০০ |
| **মোট উন্নয়ন** | **৩৪১২৮.০০** | **৫৫৭৩৮.০০** | **৪৭৬৪০.০০** | ৮০৯৮.০০ | **১৮৬১৪.০০** | **৪৩৭২৮.০০** |
| মোট (পরিচালন + উন্নয়ন) | **৬১১৯১.০০** | **৯২০২২.৩৮** | ৬৬৭৬৮.৬৭ | ২৫২৫৩.৭১ | **৫০৬৫৪.০০** | ৭৮৯৭৩.০০ |
| প্রাণিসম্পদ অধিদপ্তর | | | | | | |
| **মোট পরিচালন** | ৬১৬৩৭.৬৫ | ৭০২৪৪.২৬ | ৪৭৪২৯.৩৫ | ২২৮১৪.৯১ | ৭২০৯০.০০ | ৭৯২৯৯.০০ |
| জিওবি (উন্নয়ন) | ২২৬২৯.০০ | ৩৪৭০৭.০০ | ১২০০০.০০ | ২২৭০৭.০০ | ৩০২৭০.০০ | ১৫৩১২.০০ |
| পিএ (উন্নয়ন) | ১০৩৬৯.০০ | ৬০৯৬০.০০ | ৬০৯৬০.০০ | ০.০০ | ৫৭২১৭.০০ | ৫৮৭৩৯.০০ |
| **মোট উন্নয়ন** | **৩২৯৯৮.০০** | **৯৫৬৬৭.০০** | **৭২৯৬০.০০** | ২২৭০৭.০০ | **৮৭৪৮৭.০০** | **৭৪০৫১.০০** |
| মোট (পরিচালন + উন্নয়ন) | **৯৪৬৩৫.৬৫** | **১৬৫৯১১.২৬** | **১২০৩৮৯.৩৫** | ৪৫৫২১.৯১ | **১৫৯৫৭৭.০০** | **১৫৩৩৫০.০০** |
| মেরিন ফিশারিজ একাডেমী | | | | | | |
| **মোট পরিচালন** | ৮০৫.০০ | ৯২৫.০০ | ৮৮৫.৫০ | ৩৯.৫০ | ৯৫০.০০ | ৯৭৫.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | **০.০০** | ০.০০ |
| মোট (পরিচালন + উন্নয়ন) | **৮০৫.০০** | **৯২৫.০০** | **৮৮৫.৫০** | ৩৯.৫০ | **৯৫০.০০** | **৯৭৫.০০** |
| মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর | | | | | | |
| **মোট পরিচালন** | ২৮৯.৮০ | ৪১৯.০০ | ৩৭৬.৭৪ | ৪২.২৬ | ৪৩৬.০০ | ৪৪৭.০০ |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট (পরিচালন + উন্নয়ন) | **২৮৯.৮০** | **৪১৯.০০** | **৩৭৬.৭৪** | ৪২.২৬ | **৪৩৬.০০** | **৪৪৭.০০** |
| স্বায়ত্তশাসিত সংস্থা/প্রতিষ্ঠানসমূহ | | | | | | |
| বাংলাদেশ মৎস্য গবেষণা ইনষ্টিটিউট | | | | | | |
| মোট সহায়তা (নিজস্ব আয়সহ) | ৩২৬৫.০০ | ৩৬২২.০০ | ২১২২.০০ | ১৫০০.০০ | ৩৮২০.০০ | ৪০২৯.০০ |
| নিজস্ব আয় | ২৭.০০ | ২৭.০০ | ২৭.০০ | | ২৮.০০ | ২৯.০০ |
| মোট সহায়তা (সরকারি অংশ) | **৩২৩৮.০০** | **৩৫৯৫.০০** | **২০৯৫.০০** | **১৫০০.০০** | ৩৭৯২.০০ | ৪০০০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ৩৪৪৯.০০ | ৩৬৪৭.৫৫ | ৩৫০০.০০ | ১৪৭.৫৫ | ৩৪৬৫.০০ | ৩৬৩৮.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | |
| **মোট উন্নয়ন** | **৩৪৪৯.০০** | **৩৬৪৭.৫৫** | **৩৫০০.০০** | ১৪৭.৫৫ | **৩৪৬৫.০০** | **৩৬৩৮.০০** |
| মোট (পরিচালন + উন্নয়ন) | **৬৬৮৭.০০** | **৭২৬৯.৫৫** | **৫৬২২.০০** | ১৬৪৭.৫৫ | **৭২৮৫.০০** | **৭৬৬৭.০০** |
| বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনষ্টিটিউট | | | | | | |
| মোট সহায়তা (নিজস্ব আয়সহ) | ৩১২৯.০০ | **৩৫৭০.৬৫** | **৩০৭০.৬৫** | ৫০০.০০ | **৩৮৮৭.০০** | **৪১৮০.০০** |
| নিজস্ব আয় | ৯৫.০০ | ৯৬.০০ | ৯৬.০০ | ০.০০ | ৯৭.০০ | ৯৮.০০ |
| মোট সহায়তা (সরকারি অংশ) | **৩০৩৪.০০** | **৩৪৭৪.৬৫** | **২৯৭৪.৬৫** | **৫০০.০০** | **৩৭৯০.০০** | **৪০৮২.০০** |
| জিওবি (উন্নয়ন) | ২১৮২.০০ | ৬১৬.২৩ | ৫০০.০০ | ১১৬.২৩ | ৩৩৩.০০ | ১৮৪.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ২৩৩.৪২ | ৪০০.০০ | -১৬৬.৫৮ | ৩৯.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **২১৮২.০০** | **৮৪৯.৬৫** | **৯০০.০০** | -৫০.৩৫ | **৩৭২.০০** | **১৮৪.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৫২১৬.০০** | **৪৪২০.৩০** | **৩৯৭০.৬৫** | ৪৪৯.৬৫ | **৪২৫৯.০০** | **৪৩৬৪.০০** |

(অংকসমূহ লক্ষ টাকায়)

| দপ্তর/অধিদপ্তর/সংস্থার নাম | বাজেট | মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থা সমূহের চাহিদা | প্রাক্কলন | মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থা সমূহের অতিরিক্ত চাহিদা/উর্দ্বৃত | প্রক্ষেপণ | |
|---|---|---|---|---|---|---|
| | ২০১৮-১৯ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০১৯-২০ | ২০২০-২১ | ২০২১-২২ |
| **বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল** | | | | | | |
| মোট সহায়তা (নিজস্ব আয়সহ) | ৯৪.০০ | ৯৫.১৪ | ৯৫.১৪ | ০.০০ | ১০৪.০০ | ১১৪.০০ |
| নিজস্ব আয় | ১.০০ | ৩.০০ | ৩.০০ | | ৪.০০ | ৪.০০ |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | **৯৩.০০** | **৯২.১৪** | **৯২.১৪** | **০.০০** | **১০০.০০** | **১১০.০০** |
| জিওবি (উন্নয়ন) | ০.০০ | ১১২৬.৪২ | ১০০০.০০ | ১২৬.৪২ | ১৯০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| মোট উন্নয়ন | ০.০০ | ১১২৬.৪২ | ১০০০.০০ | ১২৬.৪২ | ১৯০.০০ | ০.০০ |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৯৩.০০** | **১২২১.৫৬** | **১০৯৫.১৪** | **১২৬.৪২** | **২৯৪.০০** | **১১৪.০০** |
| **বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন** | | | | | | |
| মোট সহায়তা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| লভ্যাংশ ও মুনাফা | ১০.০০ | ১০.০০ | ১০.০০ | | ১০.০০ | ১০.০০ |
| **মোট সহায়তা (সরকারি অংশ)** | ০.০০ | ০.০০ | ০.০০ | | ০.০০ | ০.০০ |
| জিওবি (উন্নয়ন) | ৬৪৯৫.০০ | ৪৭১০.১২ | ৪০০০.০০ | ৭১০.১২ | ০.০০ | ০.০০ |
| পিএ (উন্নয়ন) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| **মোট উন্নয়ন** | **৬৪৯৫.০০** | **৪৭১০.১২** | **৪০০০.০০** | **৭১০.১২** | **০.০০** | **০.০০** |
| **মোট (পরিচালন + উন্নয়ন)** | **৬৪৯৫.০০** | **৪৭১০.১২** | **৪০০০.০০** | **৭১০.১২** | **০.০০** | **০.০০** |
| **মোট-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান (সহায়তা)** | **৬৩৬৫.০০** | **৭২৮৭.৭৯** | **৫২৮৭.৭৯** | ২০০০.০০ | **৭৮১১.০০** | **৮৩২৩.০০** |
| **মোট-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান (নিজস্ব আয়)** | **১৩৩.০০** | **১৩৬.০০** | **১৩৬.০০** | **০.০০** | **১৩৯.০০** | **১৪১.০০** |
| **মোট-স্বায়ত্তশাসিত ও অন্যান্য প্রতিষ্ঠান (উন্নয়ন)** | **১২১২৬.০০** | **১০৩৩৩.৭৪** | **৯৪০০.০০** | ৯৩৩.৭৪ | **৪০২৭.০০** | **৩৮২২.০০** |
| **সর্বমোট মোট (পরিচালন)** | **৯৮৪৯৯.৮০** | **১১৭৭৪৭.৩৮** | **৭৫৫৩৫.০০** | **৪২২১২.৩৮** | **১১৫৯৬২.০০** | **১২৭১০০.০০** |
| **মোট জিওবি (উন্নয়ন)** | **৬৮১১২.০০** | **৭৩৯৩৯.৩২** | **৩০০০০.০০** | **৪৩৯৩৯.৩২** | **৪৯৮২২.০০** | **২৮৬৩৪.০০** |
| **মোট পিএ (উন্নয়ন)** | **২০২৫৫.০০** | **৮৭৭৯৯.৪২** | **১০০০০০.০০** | **-১২২০০.৫৮** | **৬০৩০৬.০০** | **৯২৯৬৭.০০** |
| **সর্বমোট মোট উন্নয়ন (জিওবি+পিএ)** | **৮৮৩৬৭.০০** | **১৬১৭৩৮.৭৪** | **১৩০০০০.০০** | **৩১৭৩৮.৭৪** | **১১০১২৮.০০** | **১২১৬০১.০০** |
| **সর্বমোট (পরিচালন+উন্নয়ন)** | **১৮৬৮৬৬.৮০** | **২৭৯৪৮৬.১২** | **২০৫৫৩৫.০০** | **৭৩৯৫১.১২** | **২২৬০৯০.০০** | **২৪৮৭০১.০০** |

সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

৫। **<u>সিদ্ধান্তসমূহঃ</u>**

ক) বাজেট পরিপত্র-১ এ ধার্যকৃত সিলিং এর আলোকে ২০১৯-২০ অর্থবছরের রাজস্ব প্রাপ্তির লক্ষ্যমাত্রার প্রাক্কলন ও প্রক্ষেপণ, প্রস্তাবিত ব্যয়সীমার বাজেট প্রাক্কলণ ও প্রক্ষেপণ এবং সম্ভাব্য প্রকল্প সাহায্যের প্রাক্কলন ও প্রক্ষেপণ সম্বলিত প্রণীত বিভাজন অনুমোদনের সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) অর্থ বিভাগ থেকে প্রাপ্ত সিলিং এ মন্ত্রণালয় এবং অধীনস্থ দপ্তর/অধিদপ্তর/সংস্থা সমূহের চাহিদার তুলনায় প্রকল্প সাহায্যে অতিরিক্ত বরাদ্দকৃত ১২২০০.৫৮ লক্ষ টাকা হ্রাস এবং জিওবি (পরিচালন ও উন্নয়ন) অংশের ঘাটতি (৪২২১২.৩৮+৪৩৯৩৯.৩২)= ৮৬১৫১.৭০ লক্ষ টাকার অতিরিক্ত বরাদ্দ প্রদানের জন্য অর্থ বিভাগে প্রস্তাব প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) অর্থ বিভাগ থেকে প্রাপ্ত সিলিং অনুসারে অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থার ২০১৯-২০ অর্থবছরের বাজেট প্রাক্কলন ও ২০১২-২১, ২০২১-২২ অর্থবছরের প্রক্ষেপণ বিভাজন অর্থ বিভাগের পরিপত্র-১ এর নির্দেশনা মোতাবেক মধ্যমেয়াদি বাজেট কাঠামো প্রথম ভাগ (অংশ-১-অংশ-৫) এবং দ্বিতীয় ভাগ (অংশ-৬.১- অংশ-৬.৩) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর কৌশলগত উদ্দেশ্যসমূহের সাথে মিল রেখে এবং অর্থ বিভাগের প্রেরিত অত্র মন্ত্রণালয়ের জন্য প্রযোজ্য টেমপ্লেট অনুযায়ী প্রণয়ন ও বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ) উপ-প্রধান, পরিকল্পনা উইং, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, ঢাকা বাজেটের উন্নয়ন সংক্রান্ত অংশের সম্মতি গ্রহণের বিষয়ে পরিকল্পনা কমিশনের কার্যক্রম বিভাগের সাথে যোগাযোগ রক্ষা করবেন এবং পরিকল্পনা মন্ত্রণালয়ের পরিকল্পনা বিভাগের সংশ্লিষ্ট প্রতিনিধির উপস্থিতি নিশ্চিত করার পদক্ষেপ গ্রহণ করবেন।

ঙ) বাজেট ওয়ার্কিং গ্রুপের সভার সিদ্ধান্তসমূহ অনুমোদনের জন্য পরবর্তী বিএমসি সভায় উপস্থাপনের নিমিত্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৬/০১/১৯

(ড. শেখ হারুনুর রশিদ আহমদ)
যুগ্মসচিব (বাজেট)
ও
সভাপতি, বাজেট ওয়ার্কিং গ্রুপ।